रजिस्ट्री सं डी-221

Registered No. D-221
রেজিস্ট্রী নং ডি-২২১

सत्यमेव जयते

# भारत का राजपत्र
# The Gazette of India
# ভারতের গেজেট

**असाधारण**
EXTRAORDINARY
**বিশেষ**
**भाग VII—अनुभाग 1**
**PART VII—Section 1**
ভাগ ৭—অনুভাগ ১
प्राधिकार से प्रकाशित
**Published by Authority**
প্রাধিকারবলে প্রকাশিত

| | | |
|---|---|---|
| सं 12 | नई दिल्ली, बुधवार, अगस्त 31, 2022 | [भाद्र 9, 1944 शक |
| No. 12 | NEW DELHI, WEDNESDAY, AUGUST 31, 2022 | [BHADRA 9, 1944 (SAKAY) |
| নং 12 | নতুন দিল্লী, বুধবার, ৩১শে আগস্ট, ২০২২ | [৯ই ভাদ্র, ১৯৪৪(শক) |

## বিধি ও ন্যায় মন্ত্রণালয়
## (বিধান বিভাগ)

নতুন দিল্লী, ৭ই জুন, ২০২২/১৭ই জ্যৈষ্ঠ, ১৯৪৪(শক)

(১) দি সিগারেট্স্ অ্যান্ড আদার টোব্যাকো প্রোডাক্টস্ (প্রোহিবিশ্ন্ অফ অ্যাডভারটাইজমেন্ট অ্যান্ড রেগুলেশ্ন্ অফ ট্রেড অ্যান্ড কমার্স, প্রোডাক্শ্ন্, সাপ্লাই অ্যান্ড ডিসট্রিবিউশ্ন্) অ্যাক্ট, ২০০৩ (২০০৩-এর ৩৪),

(২) দি প্রাইভেট সিকিউরিটি এজেন্সিস (রেগুলেশন) অ্যাক্ট, ২০০৫ (২০০৫-এর ২৯),

(৩) দি প্রোটেকশন অফ্ উইমেন ফ্রম ডোমেস্টিক ভায়োলেন্স অ্যাক্ট, ২০০৫ (২০০৫-এর ৪৩),

(৪) দি ডিজাসটার ম্যানেজমেন্ট অ্যাক্ট, ২০০৫ (২০০৫-এর ৫৩)

(৫) দি পেট্রোলিয়াম অ্যান্ড ন্যাচারাল গ্যাস রেগুলেটরি বোর্ড অ্যাক্ট, ২০০৬ (২০০৬-এর ১৯),

(৬) দি শেডিউল্ড ট্রাইব্স অ্যান্ড আদার ট্রাডিশনাল ফরেস্ট ড্যুয়েলার্স্ (রিকগনিশন অফ্ ফরেস্ট রাইট্স) অ্যাক্ট, ২০০৬ (২০০৭-এর ২),-এর

বঙ্গানুবাদ এতদ্দ্বারা রাষ্ট্রপতির প্রাধিকারাধীনে প্রকাশিত হইতেছে এবং তৎসমূহ প্রাধিকৃত পাঠ (কেন্দ্রীয় বিধি) আইন, ১৯৭৩ (১৯৭৩-এর ৫০)-এর ২ ধারার (ক) প্রকরণ অনুযায়ী প্রাধিকৃত পাঠরূপে গণ্য হইবে।

**ডঃ রীটা বশিষ্ঠ**
সচিব
*বিধান বিভাগ*
*বিধি ও ন্যায় মন্ত্রণালয়*
*ভারত সরকার*

## MINISTRY OF LAW AND JUSTICE

### (Legislative Department)

New Delhi, Dated, the 7th June, 2022/ 17 Jyaistha, 1944 (Saka)

The translations in Bengali of the following, namely:

(1) The Cigarettes and Other Tobacco Products (Prohibition of Advertisement and Regulation of Trade and Commerce, Production, Supply and Distribution) Act, 2003 (34 of 2003),

(2) The Private Security Agencies (Regulation) Act, 2005 (29 of 2005),

(3) The Protection of Women from Domestic Violence Act, 2005 (43 of 2005),

(4) The Disaster Management Act, 2005 (53 of 2005),

(5) The Petroleum and Natural Gas Regulatory Board Act, 2006 (19 of 2006),

(6) The Scheduled Tribes and Other Traditional Forest Dwellers (Recognition of Forest Rights) Act, 2006 (2 of 2007),

are hereby published under the authority of the President and shall be deemed to be the authoritative texts thereof in Bengali under clause (a) of Section 2 of the Authoritative Texts (Central Laws) Act, 1973 (50 of 1973).

**Dr. Reeta Vashista**
*Secretary*
*Legislative Department*
*Ministry of Law and Justice*
*Government of India*

---

## *সিগারেট ও অন্যান্য তামাকজাত দ্রব্য (বিজ্ঞাপনে প্রতিষেধ এবং ব্যবসা বাণিজ্য, উৎপাদন, সরবরাহ ও পরিবেশনের প্রনিয়ন্ত্রণ ) আইন, ২০০৩*

(২০০৩ - এর ৩৪ নং আইন )

সিগারেট ও অন্যান্য তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন প্রতিষেধ করণার্থ, এবং উহার ব্যবসা বাণিজ্য, উৎপাদন, সরবরাহ ও পরিবেশনের প্রনিয়ন্ত্রণ তথা তৎসংশ্লিষ্ট বা তদানুষঙ্গিক বিষয়সমূহের ব্যবস্থাকরণার্থ আইন।

যেহেতু ৩৯ তম বিশ্ব স্বাস্থ্য সম্মেলন (ডব্লিউ এইচ ও) কর্তৃক উহার ১৯৮৬ খ্রীষ্টাব্দের ১৫ই মে তারিখে অনুষ্ঠিত চতুর্দশতম পূর্ণ অধিবেশনে গৃহীত প্রস্তাবে ডব্লিউ এইচ ও-র যে যে সদস্য রাষ্ট্র তখনও পর্যন্ত ধূমপানের অনিচ্ছাকৃত-প্রভাবাধীন হওয়া হইতে অ-ধূমপায়ীগণকে এবং তামাক ব্যবহারে আসক্ত হওয়া হইতে শিশু ও অল্পবয়স্ক ব্যক্তিগণকে রক্ষা করিবার জন্য কার্যকর সুরক্ষা ব্যবস্থা রূপায়ণ সুনিশ্চিত করে নাই, তাহাদিগকে উহার রূপায়ণ সুনিশ্চিত করিবার জন্য অনুরোধ করিয়াছিল;

এবং যেহেতু, ৪৩তম বিশ্ব স্বাস্থ্য সম্মেলন উহার ১৯৯০ খ্রীষ্টাব্দের ১৭ই মে তারিখে অনুষ্ঠিত চতুর্দশতম পূর্ণ অধিবেশনে ৩৯তম বিশ্ব স্বাস্থ্য সম্মেলনে গৃহীত প্রস্তাবে প্রকাশিত চিন্তার পুনরাবৃত্তি করিয়াছিল, এবং সদস্য রাষ্ট্রসমূহকে ধূমপানের অনিচ্ছাকৃত প্রভাবাধীন হওয়া হইতে গর্ভবতী মহিলা ও শিশুর মতো ঝুঁকিপূর্ণ গোষ্ঠীর প্রতি বিশেষ অভিনিবেশসহকারে তাহাদের নাগরিকগণকে রক্ষা করা, তামাক ব্যবহারে নিরুৎসাহ করা ও ক্রমবর্ধমান বাধানিষেধ আরোপ করা এবং অবশেষে তামাক সংক্রান্ত সকল প্রত্যক্ষ ও পরোক্ষ বিজ্ঞাপন, প্রবর্ধন ও অর্থপোষণ অপনোদনের জন্য সম্মিলিত ব্যবস্থা গ্রহণ করিবার জন্য তাহাদের তামাক নিয়ন্ত্রণ প্রকৌশলে বিধিপ্রণয়নের পরিকল্পনা ও অন্যান্য কার্যকরী ব্যবস্থার কথা বিবেচনা করিবার জন্য অনুরোধ করিয়াছিল;

এবং যেহেতু জনস্বার্থে ও জনস্বাস্থ্য সুরক্ষার্থে তামাক সংক্রান্ত একটি সর্বার্থসাধক বিধি প্রণয়ন করা সঙ্গত বিবেচিত হইয়াছে;

এবং যেহেতু, সংবিধানের ৪৭ অনুচ্ছেদে যথা-ব্যবস্থিত সার্বিক জনস্বাস্থ্যের উন্নয়ন সম্পাদন করিবার উদ্দেশ্যে স্বাস্থ্যের পক্ষে হানিকর সিগারেট ও তামাকজাত অন্যান্য দ্রব্য সেবন প্রতিষেধ করা সঙ্গত ;

এবং যেহেতু, সিগারেট ও তামাকজাত অন্যান্য দ্রব্যের বিজ্ঞাপন প্রতিষেধ করা, এবং উহার ব্যবসা বাণিজ্য, উৎপাদন, সরবরাহ ও পরিবেশন প্রনিয়ন্ত্রণের ব্যবস্থা এবং তৎসংশ্লিষ্ট বা তদানুষঙ্গিক বিষয়সমূহের জন্য ব্যবস্থা করা সঙ্গত ;

অতএব, ভারত সাধারণতন্ত্রের চতুঃপঞ্চাশৎ বর্ষে সংসদ কর্তৃক নিম্নরূপে বিধিবদ্ধ হইল :–

সংক্ষিপ্ত নাম প্রসার ও প্রারম্ভ।

১। (১) এই আইন, সিগারেট ও অন্যান্য তামাকজাত দ্রব্য (বিজ্ঞাপনে প্রতিষেধ এবং ব্যবসা বাণিজ্য, উৎপাদন, সরবরাহ ও পরিবেশনের প্রনিয়ন্ত্রণ) আইন, ২০০৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা সমগ্র ভারতে প্রসারিত হইবে।

(৩) ইহা, কেন্দ্রীয় সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যে তারিখ নির্দিষ্ট করিবেন, সেই তারিখে বলবৎ হইবে এবং এই আইনের ভিন্ন ভিন্ন বিধানের জন্য ভিন্ন ভিন্ন তারিখ নির্দিষ্ট করা যাইবে।

সংঘ কর্তৃক নিয়ন্ত্রণের যৌক্তিকতা সম্পর্কে ঘোষণা।

২। এতদ্দ্বারা ঘোষিত হইল যে জনস্বার্থে ইহা সঙ্গত যে, সংঘ তামাক শিল্প উহার নিয়ন্ত্রণাধীনে লইবে।

সংজ্ঞার্থ।

৩। এই আইনে প্রসঙ্গতঃ অন্যথা আবশ্যক না হইলে,—

(ক) ''বিজ্ঞাপন'' নোটিস, সার্কুলার, লেবেল, মোড়ক বা অন্য দস্তাবেজ রূপে যে-কোন দৃশ্যমান প্রতিরূপণকে অন্তর্ভুক্ত করে, এবং মৌখিকভাবে অথবা কোনওভাবে আলোক, শব্দ, ধূম্র, বা গ্যাস প্রস্তুত বা প্রেরণ দ্বারা কৃত ঘোষণাও অন্তর্ভুক্ত করে;

(খ) ''সিগারেট'',–

(i) কাগজে বা তামাকবিহীন অন্য কোন জিনিসে পাকানো কোন তামাককে,

(ii) তামাক নিহিত কোন জিনিসে পাকানো কোন তামাক যাহা উহার প্রতীয়মানতার কারণে, ফিল্টারে ব্যবহৃত তামাকের প্রকার অথবা উহার মোড়কীকরণ বা লেবেলীকরণ সিগারেটরূপে ক্রেতাগণের নিকট প্রস্থাপিত হইবার বা ক্রেতাগণ কর্তৃক ক্রীত হইবার সম্ভাবনা থাকে, তাহাকে

অন্তর্ভুক্ত করে কিন্তু বিড়ি, চুরুট ও সিগার অন্তর্ভুক্ত করে না;

(গ) ''পরিবেশন''-এ নমুনারূপে বিনাপয়সায় বা অন্যথা যাহাই হউক, পরিবেশনকে অন্তর্ভুক্ত করে;

(ঘ) ব্যাকরণগত রূপান্তর ও সমোদ্ভব শব্দসমূহ সমেত ''রপ্তানি'' বলিতে ভারত হইতে ভারতের বাহিরের কোন স্থানে লইয়া যাওয়া বুঝায়;

(ঙ) ''বিদেশী ভাষা'' বলিতে যাহা কোন ভারতীয় ভাষা নহে, ইংরাজী ভাষাও নহে, সেই ভাষাকে বুঝায়;

(চ) ব্যাকরণগত রূপান্তর ও সমোদ্ভব শব্দসমূহ সমেত ''আমদানি'' বলিতে ভারতের বাহিরের কোন স্থান হইতে ভারতে আনয়ন করা বুঝায়;

(ছ) ‘‘ভারতীয় ভাষা’’ বলিতে সংবিধানের অষ্টম তফসিলে বিনির্দিষ্ট কোন ভাষা বুঝায় এবং ঐ ভাষার কোন আঞ্চলিকরূপ অন্তর্ভুক্ত করে;

(জ) ‘‘লেবেল’’ বলিতে কোন প্যাকেজে বা প্যাকেজের উপর আঁটিয়া দেওয়া বা প্রতীয়মান করা কোন লিখন, চিহ্ন, মুদ্রাঙ্কন, মুদ্রণ বা চিত্রলেখ বুঝায়;

(ঝ) ‘‘প্যাকেজ’’ কোন মোড়ক, বাক্স, পিচবোর্ড বাক্স, টিন বা অন্য কোন ধারক অন্তর্ভুক্ত করে;

(ঞ) ‘‘বিহিত’’ বলিতে এই আইন অনুযায়ী প্রণীত নিয়মাবলী দ্বারা বিহিত বুঝায়;

(ট) ‘‘উৎপাদন’’-এ, উহার ব্যাকরণগত রূপান্তর ও সমোদ্ভব শব্দসমূহ সমেত সিগারেট, সিগার, চুরুট, বিড়ি, সিগারেটের তামাক, পাইপের তামাক, হুঁকার তামাক, চর্ব্য তামাক, পানমশলা বা অন্যতম উপাদানরূপে তামাক থাকে ঐরূপ যে-কোন চর্ব্য বস্তু (তাহা যে নামেই বলা হউক) বা নস্য তৈয়ারীকরণ অন্তর্ভুক্ত করে, এবং —

(i) ধারকসমূহ মোড়কীকরণ, লেবেলীকরণ, বা পুনঃলেবেলীকরণ,

(ii) বৃহৎ প্যাকেজ হইতে খুচরো প্যাকেজসমূহে পুনঃমোড়কীকরণ; এবং

(iii) তামাকজাত দ্রব্য বিপণনযোগ্য করিতে অন্য যেকোন প্রক্রিয়াগ্রহণ

অন্তর্ভুক্ত করিবে;

(ঠ) ‘‘সার্বজনিক স্থান’’ বলিতে যেখানে জনগণের অভিগম্যতা আছে, তাহা অধিকাররূপে হউক বা না হউক, সেরূপ কোন স্থানকে বুঝায়, এবং অডিটোরিয়াম, হাসপাতাল ভবন, রেলের প্রতীক্ষা কক্ষ, বিনোদন কেন্দ্র, রেস্তোরাঁ, সরকারী কার্যালয়, আদালত ভবন, শিক্ষা প্রতিষ্ঠান, গ্রন্থাগার, সরকারী পরিবহন, এবং অনুরূপ যে যে স্থানে জনসাধারণ যাতায়াত করেন সেই স্থানকে অন্তর্ভুক্ত করে কিন্তু কোন মুক্তাঞ্চলকে অন্তর্ভুক্ত করে না;

(ড) ব্যাকরণগত রূপান্তর ও সমোদ্ভব শব্দসমূহ সমেত ‘‘বিক্রয়’’ বলিতে পণ্যসম্পত্তি এক ব্যক্তির নিকট হইতে অন্য ব্যক্তির নিকট নগদে বা ধারে অথবা বিনিময়রূপে এবং পাইকারী বা খুচরা যাহাই হউক, যেকোন হস্তান্তর বুঝায়, এবং বিক্রয়ের জন্য কোন চুক্তি, প্রস্তাব ও প্রদর্শনকে অন্তর্ভুক্ত করে;

(ঢ) ‘‘ধূমপান’’ বলিতে কোন পাইপ, মোড়ক বা অন্য কোন উপকরণের সাহায্যে সিগারেট, সিগার, বিড়ির আকারে বা অন্যথা, যেকোন আকারের তামাকের ধূমপান বুঝায়;

(ণ) ‘‘বিনির্দিষ্ট সতর্কীকরণ’’ বলিতে, এই আইন অনুযায়ী প্রণীত নিয়মাবলী দ্বারা যেরূপ বিহিত করা যাইবে সেইরূপে ও প্রণালীতে সিগারেট ও অন্যান্য তামাকজাত দ্রব্যের প্যাকেজসমূহের উপর সিগারেট বা অন্যান্য তামাকজাত

দ্রব্যসমূহের ব্যবহারের বিরূদ্ধে যে সতর্কীকরণ মুদ্রিত, চিত্রিত বা উৎকীর্ণ করিতে হইবে, সেই সতর্কীকরণ বুঝায়;

(ত) ‘‘তামাকজাত দ্রব্যসমূহ’’ বলিতে তফসিলে বিনির্দিষ্ট দ্রব্যসমূহ বুঝায়।

সার্বজনিক স্থানে ধূমপানে প্রতিষেধ।

৪। কোন ব্যক্তি কোন সার্বজনিক স্থানে ধূমপান করিবেন না :

তবে ত্রিশটি কক্ষবিশিষ্ট কোন হোটেলে অথবা ত্রিশ বা তাহার অধিক ব্যক্তির আসনদানে সক্ষম কোন রেস্তোরাঁয় এবং বিমানবন্দরসমূহে ধূমপান এলাকা বা স্থানের জন্য কোন পৃথক ব্যবস্থা করা যাইতে পারে।

সিগারেট ও অন্যান্য তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপনে প্রতিষেধ।

৫। (১) সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের উৎপাদন, সরবরাহ বা পরিবেশনে রত বা রত হইবার অভিপ্রায়কারী কোন ব্যক্তি বিজ্ঞাপন দিবেন না, এবং কোন মাধ্যমের উপর নিয়ন্ত্রণসম্পন্ন কোন ব্যক্তি ঐ মাধ্যমের মারফত সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন করিতে দিবেন না, এবং কোন ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের ব্যবহার বা সেবনের ইঙ্গিত দেয় বা প্রোন্নয়ন করে, এরূপ কোন বিজ্ঞাপনে অংশগ্রহণ করিবেন না।

(২) কোন ব্যক্তি, কোনও প্রত্যক্ষ বা পরোক্ষ আর্থিক হিতার্থে—

(ক) সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের কোনরূপ বিজ্ঞাপন সম্প্রদর্শন করিবেন না, সম্প্রদর্শন করাইবেন না, অথবা সম্প্রদর্শন করিতে অনুমতি বা প্রাধিকার দিবেন না; অথবা

(খ) সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন সম্বলিত কোন চলচ্চিত্র বা ভিডিও টেপ বিক্রয় করিবেন না বা বিক্রয় করাইবেন না, অথবা বিক্রয় করিবার অনুমতি বা প্রাধিকার দিবেন না; বা

(গ) যাহা সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের কোন বিজ্ঞাপন বা যাহাতে ঐরূপ কোন বিজ্ঞাপন থাকে এরূপ কোন প্রচারপত্র, হ্যান্ডবিল বা দস্তাবেজ জনগণের নিকট বিতরণ করিবেন না, বিতরণ করাইবেন না, অথবা বিতরণ করিবার অনুমতি বা প্রাধিকার দিবেন না; বা

(ঘ) সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন কোন ভূমি, ভবন, দেওয়াল, বিজ্ঞপ্তিপট, কাঠামো, স্তম্ভ বা নির্মিতির উপর অথবা কোন যানবাহনের উপর বা ভিতরে পরিনির্মাণ, প্রদর্শন, সংলগ্ন বা স্থাপন করিবেন না, অথবা কোন স্থানে কোনভাবেই উহার সম্প্রদর্শন করিবেন না:

তবে এই উপধারা –

(ক) সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্য ধারণকারী কোন প্যাকেটের ভিতর বা উপর সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের কোন বিজ্ঞাপন সম্পর্কে;

(খ) যাহাতে সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্য পরিবেশন বা বিক্রয়ের জন্য উপস্থাপিত করা হয় সেরূপ গুদাম বা দোকানের প্রবেশ পথে বা ভিতরে সম্প্রদর্শিত সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন সম্পর্কে;

প্রযোজ্য হইবে না।

(৩) কোন ব্যক্তি, কোন সংবিদা অনুযায়ী বা অন্যথা,–

(ক) সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের; বা

(খ) অপর কোন ব্যক্তি কর্তৃক প্রদত্ত বা প্রদান করিতে সম্মত কোন অর্থপোষণ, উপহার, পুরস্কার বা বৃত্তির বিনিময়ে সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের কোন ব্যবসায় চিহ্ন বা মার্কা নামের,

ব্যবহার বা সেবনের প্রোন্নয়ন করিবেন না বা প্রোন্নীত করিতে সম্মত হইবেন না।

আঠারো বৎসরের নিম্ন বয়স্ক ব্যক্তিকে এবং বিশেষ এলাকায় সিগারেট বা অন্যান্য তামাকজাত দ্রব্য বিক্রয়ে প্রতিষেধ।

৬। কোন ব্যক্তি,—

(ক) আঠারো বৎসরের নিম্নবয়স্ক কোন ব্যক্তিকে, এবং

(খ) কোন শিক্ষা প্রতিষ্ঠানের একশত গজ ব্যাসার্ধের মধ্যে কোন এলাকায় সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্য

বিক্রয় করিবেন না, বিক্রয়ের জন্য উপস্থাপিত করিবেন না, বা বিক্রয়ের অনুমতি দিবেন না।

সিগারেট ও অন্যান্য তামাকজাত দ্রব্যের ব্যবসা বাণিজ্য এবং উৎপাদন, সরবরাহ ও পরিবেশনের উপর বাধানিষেধ।

৭। (১) কোনও ব্যক্তি, প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্য উৎপাদন, সরবরাহ বা পরিবেশন করিবেন না, যদি না, তৎকর্তৃক উৎপাদিত, সরবরাহকৃত বা পরিবেশিত সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের প্রত্যেক প্যাকেজের উপর বা উহার লেবেলের উপর যেরূপ বিহিত করা যাইবে কোন সতর্কতা-চিত্র সমেত সেরূপ বিনির্দিষ্ট সতর্কতা থাকে।

(২) কোন ব্যক্তি সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের ব্যবসা বা বাণিজ্য করিবেন না, যদি না, তৎকর্তৃক বিক্রিত, সরবরাহকৃত বা পরিবেশিত সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের প্রত্যেক প্যাকেটের উপর বা উহার লেবেলের উপর বিনির্দিষ্ট সতর্কতা থাকে।

(৩) কোন ব্যক্তি মূল্যবান প্রতিদানের বিনিময়ে পরিবেশন বা সরবরাহের জন্য অথবা ভারতে বিক্রয়ের জন্য সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্য আমদানি করিবেন না, যদি না, তৎকর্তৃক ঐরূপ আমদানিকৃত সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের প্রত্যেক প্যাকেজের উপর বা উহার লেবেলের উপর বিনির্দিষ্ট সতর্কতা থাকে।

(৪) মূল্যবান প্রতিদানের বিনিময়ে পরিবেশন, বিক্রয় বা সরবরাহের জন্য যে প্যাকেজে সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্য প্যাক করা হইয়া থাকে, সেই প্যাকেজের বৃহত্তম প্যানেলসমূহের অন্যূন একটির উপর বিনির্দিষ্ট সতর্কতা দৃষ্টিগোচর থাকিতে হইবে।

(৫) কোনও ব্যক্তি, প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্য উৎপাদন, সরবরাহ বা পরিবেশন করিবেন না, যদি না, তৎকর্তৃক উৎপাদিত, সরবরাহকৃত বা পরিবেশিত সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের প্রত্যেক প্যাকেজের উপর বা উহার লেবেলের উপর, ক্ষেত্রানুযায়ী, প্রতিটি সিগারেট বা অন্যান্য তামাকজাত দ্রব্যে নিহিত নিকোটিন ও পিচ তথা উহাদের সর্বোচ্চ অনুমোদনীয় সীমা নির্দেশিত হয় :

তবে নিহিত নিকোটিন ও পিচ, এই আইন অনুযায়ী প্রণীত নিয়মাবলী দ্বারা যেরূপ বিহিত করা যাইবে সেরূপ সর্বোচ্চ অনুমোদনীয় পরিমাণের অধিক হইবে না।

যে প্রণালীতে বিনির্দিষ্ট সতর্কীকরণ করিতে হইবে।

৮। (১) সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের প্যাকেজের উপর বিনির্দিষ্ট সতর্কীকরণ–

(ক) পাঠসাধ্য ও সুস্পষ্ট হইবে;

(খ) আকার ও রঙে দৃষ্টি-আকর্ষক হইবে;

(গ) এরূপ ধরনের বা রকমের অক্ষরে হইবে, যাহাতে স্পষ্ট ও পরিস্কাররূপে প্যাকেজে বা উহার লেবেলে ব্যবহৃত ধরণ, অক্ষর বা চিত্রলেখ হইতে স্বতন্ত্ররূপে বৈষম্য প্রদর্শন করে; এবং প্যাকেজের উপর এরূপ রঙে উহা মুদ্রিত, চিত্রিত বা উৎকীর্ণ করা হইবে, যাহাতে প্যাকেজ-গাত্র বা উহার লেবেলের রঙ হইতে দৃষ্টি আকর্ষকরূপে বৈষম্য প্রদর্শন করে।

(২) যে প্রণালীতে সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যসমূহের প্যাকেজের উপর বিনির্দিষ্ট সতর্কীকরণ মুদ্রণ, চিত্রণ বা উৎকীর্ণ করিতে হইবে, তাহা এই আইন অনুযায়ী প্রণীত নিয়মাবলীতে যেরূপ বিনির্দিষ্ট করা যাইবে, সেরূপ হইবে।

(৩) সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্য থাকে এরূপ প্রত্যেক প্যাকেজ এরূপে প্যাক করিতে হইবে, যাহাতে ইহা সুনিশ্চিত করিবে যে উহার উপর বা উহার লেবেলের উপর প্রতীয়মান বিনির্দিষ্ট সতর্কীকরণ ঐ প্যাকেজ খুলিবার পূর্বে ক্রেতার নিকট দৃশ্যমান হইবে।

যে ভাষাতে বিনির্দিষ্ট সতর্কীকরণ ব্যক্ত করিতে হইবে।

৯। (১) যেক্ষেত্রে সিগারেট ও অন্য কোন তামাকজাত দ্রব্যসমূহের প্যাকেজের উপর বা উহার লেবেলের উপর ব্যবহৃত ভাষা —

(ক) ইংরাজী হয়, সেক্ষেত্রে বিনির্দিষ্ট সতর্কীকরণ ইংরাজী ভাষায় ব্যক্ত হইবে;

(খ) কোন ভারতীয় ভাষা বা ভাষাসমূহ হয়, সেক্ষেত্রে বিনির্দিষ্ট সতর্কীকরণ ঐ ভারতীয় ভাষায় বা ভাষাসমূহে ব্যক্ত হইবে;

(গ) উভয়তঃ ইংরাজী ও এক বা একাধিক ভারতীয় ভাষা হয়, সেক্ষেত্রে বিনির্দিষ্ট সতর্কীকরণ ইংরাজী ভাষার পাশাপাশি ঐরূপ ভারতীয় ভাষায় বা ভাষাসমূহে ব্যক্ত হইবে;

(ঘ) আংশিক ইংরাজী ও আংশিক কোন ভারতীয় ভাষা বা ভাষাসমূহ হয়, সেক্ষেত্রে বিনির্দিষ্ট সতর্কীকরণ ইংরাজী ভাষার পাশাপাশি ঐরূপ ভারতীয় ভাষায় বা ভাষাসমূহে ব্যক্ত হইবে;

(ঙ) কোনও বিদেশি ভাষা হয়, সেক্ষেত্রে বিনির্দিষ্ট সতর্কীকরণ ইংরাজী ভাষায় ব্যক্ত হইবে;

(চ) আংশিক কোন বিদেশি ভাষা ও আংশিক ইংরাজী অথবা কোন ভারতীয় ভাষা বা ভাষাসমূহ হয়, সেক্ষেত্রে বিনির্দিষ্ট সতর্কীকরণ ইংরাজী ভাষার পাশাপাশি ঐরূপ ভারতীয় ভাষা বা ভাষাসমূহে ব্যক্ত হইবে।

(২) সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের কোন প্যাকেজে বা উহার লেবেলে, বিনির্দিষ্ট সতর্কীকরণের সহিত অসমঞ্জস হয় বা উহা হইতে হ্রাসকর হয় এরূপ কোন বিষয় বা বিবৃতি রাখা যাইবে না।

অক্ষর ও সংখ্যাসমূহের আকার।

১০। কোন বিনির্দিষ্ট সতর্কীকরণ অথবা সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যে নিহিত নিকোটিন ও পিচের নির্দেশক এই আইনের বিধানাবলী অনুসারে হইয়াছে বলিয়া গণ্য হইবে না, যদি ঐরূপ সতর্কীকরণ বা নির্দেশকে ব্যবহৃত প্রতিটি অক্ষর বা সংখ্যা বা উভয়ই এই আইন অনুযায়ী প্রণীত নিয়মাবলী দ্বারা যেরূপ বিহিত করা যাইবে সেরূপ উচ্চতার কম হয়।

নিহিত নিকোটিন ও পিচ পরীক্ষা করিবার পরীক্ষাগার।

১১। সিগারেট ও অন্যান্য তামাকজাত দ্রব্যে নিহিত নিকোটিন ও পিচ পরীক্ষা করিবার উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যেরূপ আবশ্যক বিবেচনা করিবেন সেরূপ যাচাইকরণ-পরীক্ষাগারের স্বীকৃতি মঞ্জুর করিবেন।

প্রবেশ ও তল্লাশি করিবার ক্ষমতা।

১২। (১) কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার কর্তৃক প্রাধিকৃত, সাব-ইন্সপেক্টর পদের নিম্নে নহেন এরূপ কোন পুলিশ আধিকারিক অথবা রাজ্য খাদ্য বা ভেষজ প্রশাসনের কোনও আধিকারিক বা অন্য কোন আধিকারিক, যিনি পুলিশের সাব ইন্সপেক্টর পদের নিম্নে নহে এরূপ সমমর্যাদার পদ ধারণ করেন, তিনি যদি কোন কারণে সন্দেহ করেন যে, এই আইনের কোন বিধান লঙ্ঘিত হইয়াছে বা হইতেছে, তাহাহইলে তিনি বিহিত প্রণালীতে, যেকোন যুক্তিসঙ্গত

সময়ে এরূপ কারখানা, ভবন, কারবার পরিসর বা অন্য কোন স্থানে প্রবেশ ও তল্লাশি করিতে পারিবেন,—

(ক) যেখানে সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের ব্যবসা বা বাণিজ্য চালানো হয় অথবা সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্য উৎপাদন, সরবরাহ বা পরিবেশন করা হয়; অথবা

(খ) যেখানে সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের কোনও বিজ্ঞাপন দেওয়া হইয়াছে বা দেওয়া হইতেছে।

(২) এই আইন অনুযায়ী কৃত প্রত্যেক তল্লাশি ও অভিগ্রহণের ক্ষেত্রে কোড অফ ক্রিমিনাল প্রসিডিওর, ১৯৭৩-এর বিধানাবলী প্রযোজ্য হইবে। ১৯৭৪-এর ২।

অভিগ্রহণ করিবার ক্ষমতা।

**১৩।** (১) যদি কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার কর্তৃক প্রাধিকৃত, সাব-ইন্সপেক্টর পদের নিম্নে নহেন এরূপ কোন পুলিশ আধিকারিক অথবা রাজ্য খাদ্য বা ভেষজ প্রশাসনের কোন আধিকারিক বা অন্য কোন আধিকারিক, যিনি পুলিশের সাব-ইন্সপেক্টর পদের নিম্নে নহে এরূপ সমমর্যাদার পদ ধারণ করেন, তাঁহার বিশ্বাস করিবার কোনও কারণ থাকে যে,—

(ক) সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের কোন প্যাকেজের ক্ষেত্রে, অথবা

(খ) সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের কোনও বিজ্ঞাপনের ক্ষেত্রে,

এই আইনের বিধানাবলী লঙ্ঘিত হইয়াছে, বা হইতেছে, তাহাহইলে তিনি ঐ প্যাকেজ বা বিজ্ঞাপনের উপকরণ, বিহিত প্রণালীতে অভিগ্রহণ করিতে পারিবেন।

(২) (১) উপধারার (ক) প্রকরণ অনুযায়ী অভিগৃহীত সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের কোন প্যাকেজ বা বিজ্ঞাপনের উপকরণ অভিগ্রহণের তারিখ হইতে নব্বই দিনের অধিক কোন সময়সীমার জন্য যে আধিকারিক ঐ প্যাকেজ বা বিজ্ঞাপন উপকরণ অভিগ্রহণ করিয়াছিলেন তৎকর্তৃক আটক রাখা যাইবে না, যদিনা যে জেলা জজের ক্ষেত্রাধিকারের স্থানিক সীমার মধ্যে ঐ অভিগ্রহণ করা হইয়াছিল, ঐরূপ আটকের জন্য তাঁহার অনুমোদন প্রাপ্ত করা হইয়া থাকে।

প্যাকেজ উপগ্রহণ করা।

**১৪।** সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের সেরূপ কোন প্যাকেজ অথবা সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের সেরূপ কোন বিজ্ঞাপন উপকরণ, যাহার ক্ষেত্রে এই আইনের কোন বিধান লঙ্ঘিত হইয়াছে বা হইতেছে, তাহা উপগৃহীত হইবার দায়িতাধীন হইবে :

তবে, যেক্ষেত্রে ঐ উপগ্রহণ বিচারকারী আদালতের এই প্রতীতি জন্মায় যে, যে ব্যক্তির দখলে, ক্ষমতায় বা নিয়ন্ত্রণে সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের ঐরূপ কোন প্যাকেজ পাওয়া গিয়াছে, সেই ব্যক্তি এই আইনের বিধানাবলী লঙ্ঘনের জন্য দায়ী নহেন, সেক্ষেত্রে ঐ আদালত, ঐরূপ প্যাকেজ উপগ্রহণের জন্য কোন আদেশ প্রদান করিবার পরিবর্তে, যেরূপ উপযুক্ত বিবেচনা করিবেন, এই আইনের বিধানাবলী লঙ্ঘনের অপরাধে দোষী ব্যক্তির বিরুদ্ধে এই আইন দ্বারা প্রাধিকৃত সেরূপ অন্য আদেশ প্রদান করিবেন।

উপগ্রহণের পরিবর্তে খরচ প্রদান করিবার বিকল্প দিবার ক্ষমতা।

**১৫।** (১) যখনই কোন সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের কোনও প্যাকেজের উপগ্রহণ এই আইন দ্বারা প্রাধিকৃত হয় তখনই উহার বিচারকারী আদালত, ঐ উপগ্রহণ বিচারপূর্বক রায়দানের আদেশে যেরূপ বিনির্দিষ্ট হইবে সেরূপ শর্তাধীনে, উহার মালিককে উপগ্রহণের পরিবর্তে উপগৃহীত দ্রব্যের মূল্যের সমান খরচ প্রদান করিবার বিকল্প দান করিতে পারিবেন।

(২) আদালতের আদেশ অনুসারে ঐ খরচ প্রদানের পর অভিগৃহীত প্যাকেজসমূহ যে ব্যক্তির নিকট হইতে অভিগৃহীত হইয়াছিল সেই ব্যক্তিকে এই শর্তে ফেরত দেওয়া হইবে যে, ঐ ব্যক্তি সিগারেট বা তামাকজাত দ্রব্যের এরূপ প্যাকেজসমূহ পরিবেশন, বিক্রয় বা সরবরাহ করিবার পূর্বে, ঐরূপ প্রত্যেক প্যাকেজের উপর বিনির্দিষ্ট সতর্কীকরণ এবং নিহিত নিকোটিন ও পিচের নির্দেশক সংলগ্ন করিবেন।

উপগ্রহণ অন্যান্য দণ্ডের প্রতিবন্ধক হইবে না।

**১৬।** এই আইন অনুযায়ী কৃত কোন উপগ্রহণ বা খরচ প্রদানের আদেশ , তদ্দ্বারা প্রভাবিত ব্যক্তিকে, এই আইনের বিধানাবলী অনুযায়ী বা অন্য কোন বিধি অনুযায়ী যাহার তিনি দায়িতাধীন হন, সেরূপ কোন দণ্ডদান হইতে নিবারিত করিবে না।

বিচার নির্ণয়।

**১৭।** সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের কোনও উপগ্রহণ,—

(ক) যাহার ক্ষেত্রাধিকারের স্থানিক সীমার মধ্যে ঐরূপ উপগ্রহণ করা হইয়াছে বা খরচ প্রদান করিবার আদেশদান করা হইয়াছে, সেই মূল ক্ষেত্রাধিকারসম্পন্ন মুখ্য দেওয়ানী আদালত কর্তৃক কোনরূপ সীমা ছাড়াই,

(খ) কেন্দ্রীয় সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এতৎপক্ষে যেরূপ প্রাধিকৃত করিবেন, কেন্দ্রীয় সরকার কর্তৃক এতৎপক্ষে বিনির্দিষ্ট সেরূপ সীমা সাপেক্ষে, সেরূপ অন্য আদালত যাহা পাঁচ হাজার টাকার অধিক আর্থিক ক্ষেত্রাধিকার সম্পন্ন দেওয়ানী আদালতের নিম্নে নহে, তাহার দ্বারা

বিচার নির্ণীত হইবে বা খরচদানের আদেশ প্রদত্ত হইবে।

অভিগৃহীত প্যাকেজের মালিককে সুযোগপ্রদান।

**১৮।** (১) সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের প্যাকেজের মালিককে বা প্যাকেজ দখলে থাকা ব্যক্তিকে, যে কারণে ঐরূপ প্যাকেজ উপগ্রহণ করিবার প্রস্তাব করা হইয়াছে তাহা তাহাকে জানাইয়া লিখিত নোটিস প্রদান না করিয়া এবং, ঐ নোটিসে যে যুক্তিসঙ্গত সময় নির্দিষ্ট করা যাইবে সেই সময়ের মধ্যে ঐ নোটিসে উল্লিখিত উপগ্রহণের বিরুদ্ধে লিখিতরূপে প্রতিনিবেদন করিবার যুক্তিসঙ্গত সুযোগ তাহাকে প্রদান না করিয়া এবং, যদি তিনি বিষয়টি সম্পর্কে নিজে বা কোন প্রতিনিধি মারফত বক্তব্য শুনাইতে চাহেন, তাহাহইলে সেই সুযোগ তাহাকে প্রদান না করিয়া উপগ্রহণের বিচার নির্ণয় বা খরচদানের নির্দেশ দিয়া কোন আদেশ প্রদান করা যাইবে না :

তবে, যেক্ষেত্রে সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের প্যাকেজ অভিগ্রহণের তারিখ হইতে নব্বই দিন সময়সীমার মধ্যে ঐরূপ কোন নোটিস প্রদান করা না হয় সেক্ষেত্রে ঐরূপ

প্যাকেজ, ঐ সময়সীমা অতিবাহিত হইবার পর মালিককে, বা যে ব্যক্তির নিকট হইতে উহা অভিগৃহীত হইয়াছিল সেই ব্যক্তিকে ফেরত দিতে হইবে।

(২) (১) উপধারায় যেরূপ অন্যথা ব্যবস্থিত হইয়াছে তদ্ব্যতীত, কোড অফ সিভিল প্রসিডিওর, ১৯০৮ এর বিধানাবলী, (১) উপধারায় উল্লিখিত প্রত্যেক কার্যবাহে যতদূর সম্ভব হইবে, প্রযোজ্য হইবে। ১৯০৮-এর ৫।

আপীল।

১৯। (১) উপগ্রহণের বিচার-নির্ণয়কারী বা খরচ প্রদানের আদেশদানকারী আদালতের কোন সিদ্ধান্তে ক্ষুব্ধ কোন ব্যক্তি, ঐরূপ আদালতের সিদ্ধান্ত সম্পর্কে যে আদালতে আপীল করা যায়, সেই আদালতে আপীল করিতে পারিবেন।

(২) আপীলী আদালত, আপীলকারীকে বক্তব্য শুনাইবার সুযোগদানের পর, যেরূপ উপযুক্ত বিবেচনা করিবেন, যাহার বিরুদ্ধে আপীল করা হইয়াছে, সেই সিদ্ধান্ত বা আদেশ বহাল রাখিয়া, সংপরিবর্তন করিয়া বা উল্টাইয়া সেরূপ আদেশ প্রদান করিবেন, অথবা যেরূপ উপযুক্ত বিবেচনা করিবেন সেরূপ নির্দেশ সহকারে, আবশ্যক হইলে অতিরিক্ত সাক্ষ্য গ্রহণের পর, ক্ষেত্রানুযায়ী, নূতন করিয়া সিদ্ধান্ত গ্রহণ বা বিচার নির্ণয়ের জন্য বিষয়টি ফেরত পাঠাইবেন :

তবে উপগ্রহণের পরিবর্তে কোনও জরিমানা বৃদ্ধিকারী বা উচ্চতর মূল্যের দ্রব্য উপগ্রহণকারী কোন আদেশ এই ধারা অনুযায়ী প্রদান করা যাইবে না, যদিনা, আপীলকারীকে প্রতিনিবেদন করিবার কোন সুযোগ দেওয়া হইয়া থাকে এবং তিনি আত্মপক্ষ সমর্থনে নিজে বা কোন প্রতিনিধি মারফত বক্তব্য শুনাইবার অভিপ্রায় করিলে সেই সুযোগ তাহাকে প্রদান করা হয়।

(৩) আপীল আদালতের আদেশের বিরুদ্ধে আর কোনও আপীল চলিবে না।

বিনির্দিষ্ট সতর্কীকরণ এবং নিহিত নিকোটিন ও পিচের উল্লেখকরণে ব্যর্থতার জন্য দণ্ড।

২০। (১) কোন ব্যক্তি যিনি সিগারেট বা তামাকজাত দ্রব্য উৎপাদন বা তৈয়ারী করেন যাহার প্যাকেজের উপর কিংবা লেবেলের উপর বিনির্দিষ্ট সতর্কীকরণ এবং নিহিত নিকোটিন ও পিচের উল্লেখ না থাকে, তিনি প্রথম দোষসিদ্ধির ক্ষেত্রে, দুই বৎসর পর্যন্ত করা যাইবে এরূপ মেয়াদের কারাবাসে অথবা পাঁচ হাজার টাকা পর্যন্ত করা যাইবে এরূপ জরিমানায়, অথবা উভয়থা দণ্ডনীয় হইবেন, এবং দ্বিতীয় বা পরবর্তী দোষসিদ্ধির জন্য পাঁচ বৎসর পর্যন্ত করা যাইবে এরূপ মেয়াদের কারাবাসে ও দশ হাজার টাকা পর্যন্ত করা যাইবে এরূপ জরিমানায় দণ্ডনীয় হইবেন।

(২) কোন ব্যক্তি যিনি সেরূপ কোন সিগারেট বা তামাকজাত দ্রব্য বিক্রয় বা পরিবেশন করেন যাহার প্যাকেজের উপর বা লেবেলের উপর বিনির্দিষ্ট সতর্কীকরণ এবং নিহিত নিকোটিন বা পিচের উল্লেখ না থাকে, তিনি প্রথম দোষসিদ্ধির ক্ষেত্রে, এক বৎসর পর্যন্ত করা যাইবে এরূপ মেয়াদের কারাবাসে অথবা এক হাজার টাকা পর্যন্ত করা যাইবে এরূপ জরিমানায়, অথবা উভয়থা দণ্ডনীয় হইবেন, এবং দ্বিতীয় বা পরবর্তী দোষসিদ্ধির জন্য দুই বৎসর পর্যন্ত করা যাইবে এরূপ মেয়াদের কারাবাসে ও তিন হাজার টাকা পর্যন্ত করা যাইবে এরূপ জরিমানায় দণ্ডনীয় হইবেন।

কতিপয় স্থানে ধূমপান করিবার জন্য দণ্ড।

২১। (১) যে কেহ ৪ ধারার বিধানাবলী লঙ্ঘন করেন, তিনি দুইশত টাকা পর্যন্ত করা যাইবে এরূপ জরিমানায় দণ্ডনীয় হইবেন।

(২) এই ধারা অনুযায়ী অপরাধ প্রশমনযোগ্য হইবে এবং কোড অফ ক্রিমিনাল প্রসিডিওর, ১৯৭৩-এ সরাসরি বিচারের জন্য বিহিত প্রক্রিয়া অনুসারে সরাসরি বিচার করা হইবে। ১৯৭৪-এর ২।

সিগারেট ও তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপনের জন্য দণ্ড।

২২। যে কেহ ৫ ধারার বিধানাবলী লঙ্ঘন করিবেন তিনি দোষসিদ্ধিতে—

(ক) প্রথম দোষসিদ্ধির ক্ষেত্রে, দুই বৎসর পর্যন্ত করা যাইবে এরূপ মেয়াদের কারাবাসে অথবা এক হাজার টাকা পর্যন্ত করা যাইবে এরূপ জরিমানায় বা উভয়থা দণ্ডনীয় হইবেন, এবং

(খ) দ্বিতীয় বা পরবর্তী দোষসিদ্ধির ক্ষেত্রে, পাঁচ বৎসর পর্যন্ত করা যাইবে এরূপ মেয়াদের কারাবাসে এবং পাঁচ হাজার টাকা পর্যন্ত করা যাইবে এরূপ জরিমানায় দণ্ডনীয় হইবেন।

বিজ্ঞাপন ও বিজ্ঞাপন সামগ্রী বাজেয়াপ্তকরণ।

২৩। যেক্ষেত্রে কোন ব্যক্তি ৫ ধারার বিধানাবলী লঙ্ঘনের জন্য এই আইন অনুযায়ী দোষসিদ্ধ হইয়া থাকেন, সেক্ষেত্রে সিগারেট ও অন্যান্য তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন ও বিজ্ঞাপন-সামগ্রী সরকারের নিকট বাজেয়াপ্ত করা যাইবে, এবং ঐরূপ বিজ্ঞাপন ও বিজ্ঞাপন-সামগ্রী এই আইন অনুযায়ী প্রণীত নিয়মাবলী দ্বারা যেরূপে বিহিত করা যাইবে সেরূপ প্রণালীতে বিলিব্যবস্থা করা হইবে।

সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্য কতিপয় স্থানে বা অনূর্ধ্ব আঠারো বৎসর বয়সের ব্যক্তিকে বিক্রয়ের জন্য দণ্ড।

২৪। (১) কোন ব্যক্তি যিনি ৬ ধারার বিধানাবলী লঙ্ঘন করেন, তিনি এই আইন অনুযায়ী অপরাধে দোষী হইবেন এবং দুই শত টাকা পর্যন্ত করা যাইবে এরূপ জরিমানায় দণ্ডনীয় হইবেন।

(২) এই ধারা অনুযায়ী সকল অপরাধ প্রশমনযোগ্য হইবে এবং কোড অফ ক্রিমিনাল প্রসিডিওর, ১৯৭৩-এ সরাসরি বিচারের জন্য বিহিত প্রক্রিয়া অনুসারে সরাসরি বিচার করা হইবে। ১৯৭৪-এর ২।

নিবারণ, আটক এবং ৪ ও ৬ ধারা অনুযায়ী অপরাধের বিচারের স্থান।

২৫। (১) তৎসময়ে বলবৎ অন্য কোন বিধিতে যাহা কিছু আছে তৎসত্বেও, কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা এক বা একাধিক ব্যক্তিকে প্রাধিকৃত করিতে পারিবেন, যাঁহারা এই আইন অনুযায়ী কার্য করিতে ক্ষমতাপন্ন হইবেন :

তবে, ঐরূপে প্রাধিকৃত ব্যক্তির যদি বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত হেতু থাকে যে, কোন ব্যক্তি ৪ ও ৬ ধারা অনুযায়ী অপরাধ সংঘটিত করিয়াছেন, তাহাহইলে তিনি ঐরূপ ব্যক্তিকে আটক করিতে পারিবেন, যদি না, অভিযুক্ত ব্যক্তি তাঁহার নাম ও ঠিকানা প্রদান করেন এবং তাঁহাকে আটককারী আধিকারিককে অন্যথা প্রতীত করেন যে, তিনি তাঁহার বিরুদ্ধে আনীত যে কোন সমন বা অন্যান্য কার্যবাহের যথাযথ উত্তর দিবেন।

(২) (১) উপধারা অনুযায়ী আটক যেকোন ব্যক্তিকে তৎক্ষণাৎ বিধি অনুসারে ব্যবস্থা গ্রহণের জন্য ম্যাজিস্ট্রেটের সমক্ষে উপস্থাপন করিতে হইবে।

(৩) ৪ ধারা বা ৬ ধারা অনুযায়ী কোন অপরাধ সংঘটনকারী কোন ব্যক্তি ঐরূপ অপরাধের জন্য যে স্থানে তিনি রহিয়াছেন সেই স্থানে, অথবা যে স্থান রাজ্য সরকার এতদ্‌পক্ষে প্রজ্ঞাপিত করিবেন সেই স্থানে তথা যেস্থানে তিনি তৎসময়ে বলবৎ অন্য কোন বিধি অনুযায়ী বিচারের জন্য দায়িতাধীন হন, সেরূপ অন্য কোন স্থানে, বিচারযোগ্য হইবেন।

(৪) (১) ও (৩) উপধারা অনুযায়ী জারিকৃত প্রত্যেক প্রজ্ঞাপন সরকারী গেজেটে প্রকাশিত হইবে, এবং জনসাধারণের জ্ঞাতার্থে উহার প্রতিলিপি, রাজ্য সরকার যেরূপ নির্দেশ দিবেন সেরূপ কোন দৃষ্টি আকর্ষক স্থানে বা স্থানসমূহে প্রদর্শন করিতে হইবে।

(৫) (১) উপধারা অনুযায়ী প্রাধিকৃত প্রত্যেক ব্যক্তি, ভারতীয় দণ্ড সংহিতার ২১ ধারার অর্থের মধ্যে একজন লোক কৃত্যকারী বলিয়া গণ্য হইবেন। ১৮৬০-এর ৪৫।

কোম্পানি কর্তৃক কৃত অপরাধ।

২৬। (১) যেক্ষেত্রে এই আইন অনুযায়ী কোন অপরাধ কোন কোম্পানী কর্তৃক কৃত হইয়া থাকে, সেক্ষেত্রে ঐ অপরাধ সংঘটনকালে কোম্পানীর ব্যবসা পরিচালনায় যাঁহারা ভারপ্রাপ্ত ছিলেন ও কোম্পানীর নিকট দায়িতাধীন ছিলেন সেরূপ প্রত্যেক ব্যক্তি, তথা ঐ কোম্পানী ঐ অপরাধে দোষী বলিয়া গণ্য হইবেন, এবং তাঁহাদের বিরুদ্ধে কার্যবাহ চালিত হইবার ও তদনুসারে দণ্ডিত হইবার দায়িতাধীন হইবেন :

তবে, এই উপধারায় অন্তর্ভুক্ত কোন কিছুই ঐরূপ ব্যক্তিকে কোন দণ্ডের দায়িতাধীন করিবে না, যদি তিনি প্রমাণ করেন যে, ঐ অপরাধ তাঁহার অজ্ঞাতসারে ঘটিয়াছিল বা তিনি ঐরূপ অপরাধের সংঘটন নিবারণের জন্য সকল যথোচিত অধ্যাবসায় প্রয়োগ করিয়াছিলেন।

(২) (১) উপধারায় যাহা কিছু আছে তৎসত্বেও, যেক্ষেত্রে কোন কোম্পানি কর্তৃক এই আইন অনুযায়ী কোন অপরাধ সংঘটিত হইয়া থাকে এবং ইহা প্রমাণিত হয় যে, ঐ অপরাধ কোম্পানীর কোন অধিকর্তা, পরিচালক, সচিব বা অন্য আধিকারিকের সম্মতিতে বা মৌনানুমোদনে, অথবা তদুপরি আরোপণীয় কোন অবহেলাক্রমে সংঘটিত হইয়াছে, সেক্ষেত্রে ঐ অধিকর্তা, পরিচালক, সচিব বা অন্য কোন আধিকারিকের বিরুদ্ধে বৈধিক কার্যবাহ আনীত হইবে ও তদনুসারে দণ্ডিত হইবেন।

*ব্যাখ্যা।* — এই ধারার প্রয়োজনে,—

(ক) "কোম্পানী" বলিতে কোন নিগমবদ্ধ সংস্থা বুঝায় এবং কোন ফার্ম বা অন্য ব্যক্তিপরিমেলকে অন্তর্ভুক্ত করে; এবং

(খ) কোন ফার্ম সম্পর্কে "অধিকর্তা" বলিতে, ঐ কারখানার একজন অংশীদার বুঝায়।

অপরাধ জামিনযোগ্য হইবে।

২৭। কোড অফ ক্রিমিনাল প্রসিডিওর, ১৯৭৩-এ যাহা কিছু আছে তৎসত্বেও, এই আইন অনুযায়ী দণ্ডনীয় অপরাধ জামিনযোগ্য হইবে। ১৯৭৪-এর ২।

অপরাধের প্রশমন।

২৮। (১) ৪ ধারা বা ৬ ধারা অনুযায়ী সংঘটিত কোন অপরাধ, অভিযুক্তি দায়ের করিবার পূর্বে বা পরে, অনধিক দুইশত টাকার কোন অর্থপরিমাণের বিনিময়ে রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রাধিকৃত ঐরূপ আধিকারিক কর্তৃক প্রশমিত করিয়া দেওয়া যাইবে।

(২) যেক্ষেত্রে (১) উপধারা অনুযায়ী কোন অপরাধ প্রশমিত করা হইয়া থাকে, সেক্ষেত্রে অপরাধী হেফাজতে থাকিলে, তাঁহাকে অব্যাহতি দেওয়া হইবে, এবং ঐরূপ অপরাধ সম্পর্কে তাঁহার বিরুদ্ধে আর কোন কার্যবাহ গ্রহণ করা হইবে না।

সরল বিশ্বাসে গৃহীত ব্যবস্থার রক্ষণ।

২৯। এই আইন অনুযায়ী সরল বিশ্বাসে কৃত বা কৃত হইবার জন্য অভিপ্রেত কোন কিছুর জন্য কেন্দ্রীয় সরকার বা কোন রাজ্য সরকার অথবা কেন্দ্রীয় সরকারের বা রাজ্য সরকারের কোন আধিকারিকের বিরুদ্ধে কোন মোকদ্দমা, অভিযুক্তি বা অন্য বৈধিক কার্যবাহ চলিবে না।

তফসিলে যেকোন তামাকজাত দ্রব্য সংযোজন করিবার ক্ষমতা।

৩০। কেন্দ্রীয় সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা উহার ঐরূপ করিবার অভিপ্রায়ের অন্যূন তিনমাসের নোটিস প্রদান করিবার পর, অনুরূপ প্রজ্ঞাপন দ্বারা অন্য সেরূপ কোন তামাকজাত দ্রব্য, যাহার সম্পর্কে উহার এই অভিমত হয় যে, এই আইন অনুযায়ী উহার বিজ্ঞাপন প্রতিষিদ্ধ হওয়া এবং উহার উৎপাদন, সরবরাহ ও পরিবেশন প্রনিয়ন্ত্রিত হওয়া আবশ্যক, তাহা সংযোজন করিতে পারিবেন, এবং তদুপরি তফসিল ঐরূপ দ্রব্যের ক্ষেত্রে উহার প্রয়োগ সম্পর্কে, তদনুসারে সংশোধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

কেন্দ্রীয় সরকারের নিয়মাবলী প্রণয়ন করিবার ক্ষমতা।

৩১। (১) কেন্দ্রীয় সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের বিধানাবলী কার্যে পরিণত করিবার জন্য নিয়মাবলী প্রণয়ন করিতে পারিবেন।

(২) পূর্বগামী ক্ষমতার ব্যাপকতা ক্ষুণ্ণ না করিয়া, ঐরূপ নিয়মাবলী নিম্নলিখিত সকল বা যে-কোন বিষয়ের ব্যবস্থা করিতে পারিবে, যথা :–

(ক) ৩ ধারার (ণ) প্রকরণ অনুযায়ী যে ফরমে ও প্রণালীতে সিগারেট বা অন্যান্য তামাকজাত দ্রব্য সম্পর্কে সতর্কীকরণ প্রদান করিতে হইবে তাহা বিনির্দিষ্ট করা;

(খ) ৭ ধারার (৫) উপধারার অনুবিধি অনুযায়ী সিগারেট বা অন্যান্য তামাকজাত দ্রব্যে নিহিত সর্বোচ্চ অনুমোদনীয় নিকোটিন ও পিচ বিনির্দিষ্ট করা;

(গ) ৮ ধারার (২) উপধারা অনুযায়ী সিগারেট বা অন্যান্য তামাকজাত দ্রব্যের প্রত্যেক প্যাকেজের উপর বা উহার লেবেলে যে প্রণালীতে বিনির্দিষ্ট সতর্কীকরণ উৎকীর্ণ করিতে হইবে তাহা বিনির্দিষ্ট করা;

(ঘ) ১০ ধারা অনুযায়ী সিগারেট বা অন্যান্য তামাকজাত দ্রব্যের বিনির্দিষ্ট সতর্কীকরণে অথবা উহাতে নিহিত নিকোটিন ও পিচ নির্দেশ করিবার জন্য যে অক্ষর বা সংখ্যা বা উভয়ই ব্যবহৃত হইবে, তাহার উচ্চতা বিনির্দিষ্ট করা;

(ঙ) যে প্রণালীতে কোনও ভূ-গৃহাদি পরিসরে প্রবেশ ও তল্লাশি করা যাইবে তাহা, এবং যে প্রণালীতে সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের কোন প্যাকেজ অভিগ্রহণ করা যাইবে তাহা ও যে প্রণালীতে অভিগ্রহণ তালিকা প্রস্তুত ও যে ব্যক্তির হেফাজত হইতে সিগারেট বা অন্য কোন তামাকজাত দ্রব্যের ঐরূপ প্যাকেজ অভিগ্রহণ করা হইয়াছিল সেই ব্যক্তিকে উহা প্রদান করা হইবে, তাহা বিহিত করা;

(চ) অন্যান্য যে যে বিষয়ে বিহিত করা আবশ্যক হয় বা বিহিত করা যায় তজ্জন্য ব্যবস্থা করা।

(৩) এই আইন অনুযায়ী প্রণীত প্রত্যেক নিয়ম ও ৩০ ধারা অনুযায়ী প্রণীত প্রত্যেক প্রজ্ঞাপন প্রণীত হইবার পর যথাসম্ভব শীঘ্র, সংসদের প্রত্যেক সদনের সমক্ষে উহার সত্র চলিতে থাকাকালে, সর্বমোট ত্রিশ দিন সময়সীমার জন্য স্থাপিত হইবে, যে সময়সীমা এক সত্রের অথবা দুই বা তাহার অধিক আনুক্রমিক সত্রের অন্তর্ভুক্ত হইতে পারে, এবং যদি, যে সত্রে উহা স্থাপিত হয় সেই সত্রের অব্যবহিত পরবর্তী সত্র বা পূর্বোক্ত আনুক্রমিক সত্রের অবসানের পূর্বে উভয় সদন ঐ নিয়মে বা প্রজ্ঞাপনে সংপরিবর্তন করিতে একমত হন অথবা উভয় সদন একমত হন যে, ঐ নিয়ম বা প্রজ্ঞাপন প্রণীত হওয়া উচিত নহে, তাহাহইলে, ঐ নিয়ম বা প্রজ্ঞাপন তৎপরে কেবল, ক্ষেত্রানুযায়ী, ঐরূপ সংপরিবর্তিত আকারে কার্যকর হইবে বা, আদৌ কার্যকর হইবে না; তবে, এরূপে যে, ঐরূপ কোন সংপরিবর্তন বা রদকরণ ঐ নিয়ম বা প্রজ্ঞাপন অনুযায়ী পূর্বে কৃত কোন কিছুরই সিদ্ধতা ক্ষুণ্ণ করিবে না।

রপ্তানি করা হয় এরূপ সিগারেট বা অন্য তামাকজাত দ্রব্যের ক্ষেত্রে এই আইন প্রযোজ্য হইবে না।

**৩২।** এই আইনে নিহিত কোন কিছুই সেরূপ কোন সিগারেট বা অন্য তামাকজাত দ্রব্যের ক্ষেত্রে অথবা সিগারেট বা অন্যান্য তামাকজাত দ্রব্যের প্যাকেজের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যাহা রপ্তানি করা হয় :

তবে, এই ধারায় কোন কিছুই, বিনির্দিষ্ট সতর্কীকরণ এবং নিহিত নিকোটিন ও পিচের নির্দেশক থাকেনা এরূপ সিগারেট বা তামাকজাত দ্রব্যের কোন প্যাকেজ সেরূপ কোন দেশে রপ্তানি করা প্রাধিকৃত করে বলিয়া গণ্য হইবে না, যদি ঐ দেশে বলবৎ বিধিতে ইহা অনুজ্ঞাত হয় যে সিগারেট বা অন্য তামাকজাত দ্রব্যের প্রত্যেক প্যাকেজের উপর একই প্রকার বা উহার সমরূপ সতর্কীকরণ এবং নিহিত নিকোটিন ও পিচ বিনির্দিষ্ট করিতে হইবে।

*ব্যাখ্যা।* — এই ধারার প্রয়োজনে কোন সিগারেট বা অন্য তামাকজাত দ্রব্য অথবা সিগারেট বা তামাকজাত দ্রব্যের কোনও প্যাকেজ, প্রকৃতপক্ষে রপ্তানিকৃত না হওয়া সত্ত্বেও রপ্তানির জন্য প্রয়োজনীয় পদক্ষেপসমূহ ইতঃপূর্বে গৃহীত হইয়া থাকিলে, এই আইন প্রারম্ভের পূর্বে রপ্তানি করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

নিরসন ও ব্যাবৃত্তি। ৩৩। (১) সিগারেট (উৎপাদন, সরবরাহ ও পরিবেশনের প্রনিয়ন্ত্রণ) আইন, ১৯৭৫ এতদ্দ্বারা নিরসিত হইল। ১৯৭৫-এর ৪৯।

(২) ঐরূপ নিরসন সত্ত্বেও, পূর্বোক্ত আইনের বিধানাবলী অনুযায়ী কৃত কোন কিছু বা গৃহীত কোন ব্যবস্থা, যতদূর পর্যন্ত ঐরূপ কোন কিছু বা গৃহীত ব্যবস্থা এই আইনের বিধানাবলীর সহিত অসমঞ্জস না হয়, ততদূর পর্যন্ত এই আইনের বিধানাবলী অনুযায়ী কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে, যেন উক্ত বিধানাবলী, যখন ঐরূপ কোন কিছু কৃত হইয়াছিল বা ঐরূপ কোন ব্যবস্থা গৃহীত হইয়াছিল তখন বলবৎ ছিল, এবং তদনুসারে ততক্ষণ বলবৎ থাকিয়া যাইবে, যতক্ষণ না এই আইন অনুযায়ী কৃত কোন কিছুর দ্বারা বা গৃহীত কোন ব্যবস্থার দ্বারা উহা অধিক্রান্ত হয়।

## তফসিল

[৩ (ত) ধারা দ্রষ্টব্য]

১। সিগারেট

২। সিগার

৩। চুরুট

৪। বিড়ি

৫। সিগারেটের তামাক, পাইপের তামাক ও হুঁকার তামাক

৬। চর্ব্য তামাক

৭। নস্য

৮। পানমশলা বা অন্যতম উপাদানরূপে তামাক থাকে এরূপ যেকোন চর্ব্য উপকরণ (উহা যে নামেই অভিহিত হউক)

৯। গুটকা

১০। তামাকযুক্ত দাঁতের মাজন।